# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-এলজিইডি/এসই (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি)/(GAD)/এন-০২/২০১৮/২৪৩ তারিখ: ২৬/০২/২০১৮ ইং

বিষয়: আন্তর্জাতিক নারী দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে আয়োজক কমিটির ২য় সভার কার্যবিবরণী।

এলজিইডি সদর দপ্তরে আন্তর্জাতিক নারী দিবস ২০১৮ উদ্‌যাপন উপলক্ষে আয়োজক কমিটির ২য় সভা গত ২৫ ফেব্রুয়ারি ২০১৮ বিকাল ৩:৩০ ঘটিকায় এলজিইডি ভবন (লেভেল-০৪) এ অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন জনাব মোঃ খলিলুর রহমান, অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন) ও আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস'২০১৮ উদ্‌যাপন আয়োজক কমিটি। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে সৈয়দা আসমা খাতুন, উপ-প্রকল্প পরিচালক, সিসিআরআইপি ও সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৮ উদ্‌যাপন আয়োজক কমিটি সভার আলোচ্যসূচি পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচ্য সূচি | আলোচনা ও সিদ্ধান্ত | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |
|---|---|---|---|
| ১। | সেক্টরভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি সংগ্রহ ও মূল্যায়ন এবং সম্মাননা, সার্টিফিকেট ও ক্রেস্ট সংক্রান্ত। | সভায় মাঠ পর্যায়ে প্রেরিত মানদণ্ড ছকের আলোকে সেক্টরভিত্তিক সুফলভোগী নারীদের তথ্যাদি পূরণপূর্বক মানদণ্ড ছক যথাসময়ে সদর দপ্তরে পৌঁছানো এবং প্রাপ্ত তথ্যাদির মূল্যায়ন অগ্রগতি জানার বিষয়ে সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস'২০১৮ উদ্‌যাপন আয়োজক কমিটি মূল্যায়ন কমিটির আহবায়কগণের দৃষ্টি আকর্ষণ করেন। এ বিষয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-ওএন্ডএম) পর্যায়ক্রমে জানান পল্লী উন্নয়ন সেক্টরে মোট ৪০টি, নগর সেক্টরের আওতাধীন বিভিন্ন প্রকল্প হতে প্রাপ্ত সুফলভোগী নারীদের তথ্যাদি মোট ৪৪টি এবং পানি সম্পদ উন্নয়ন সেক্টরে মোট ২৬টি পূরণকৃত 'মানদণ্ড ছক' পাওয়া গেছে। সেক্টর ভিত্তিক মূল্যায়ন কমিটি তাঁদের মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করে পল্লী উন্নয়ন এবং পানি সম্পদ উন্নয়ন সেক্টর ২৬/০২/২০১৮ ও নগর উন্নয়ন সেক্টর ২৭/০২/২০১৮ইং চূড়ান্ত তালিকা দাখিলের বিষয়টি সভায় অবহিত করে। সভাপতি মহোদয় সন্তুষ্টি প্রকাশ করেন এবং মূল্যায়ন কার্যক্রম যথাসময়ে সমাপ্ত করার জন্য কমিটির সদস্যসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রকল্প মনিটরিং ও মূল্যায়ন), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-ওএন্ডএম)। |
| | | সদস্য-সচিব সুফলভোগী আত্মনির্ভরশীল ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী নারীদের বিগত বছরসমূহে সম্মাননা বাবদ ১০,০০০/- করে প্রদান করা হয়েছে সভায় জ্ঞাত করলে উপস্থিত সকলের সম্মতিতে তা যথাক্রমে ১২,০০০/-, ১১,০০০/- ও ১০,০০০/- প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারীদের সার্টিফিকেট ও ক্রেষ্ট এর নমুনা আহবায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ বরাবর উপস্থাপন করার জন্য সদস্য-সচিব'কে অনুরোধ জানানো হয়-যা পরবর্তীতে প্রধান প্রকৌশলী মহোদয়কে অবহিতকরণপূর্বক চূড়ান্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ ও জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী। |
| ২। | প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণ, অনুষ্ঠান সূচি, আমন্ত্রণপত্র ও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রস্তুত, খাবারের ব্যবস্থা। | সদস্য-সচিব আলোচনা সভার প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণের বিষয়টি তুলে ধরলে সভাপতি মহোদয় জানান আগামী ২/১ দিনের মধ্যে প্রধান প্রকৌশলী মহোদয়ের সাথে আলোচনাপূর্বক প্রধান অতিথি ও বিশেষ অতিথি সম্পর্কে অবগত হয়ে অনুষ্ঠানসূচি চূড়ান্ত করা হবে। সে মোতাবেক আমন্ত্রণপত্রের Draft প্রস্তুত করে প্রধান প্রকৌশলী মহোদয় বরাবর উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে বিগত বছরের ন্যায় এবারও আমন্ত্রিত অতিথিবর্গের তালিকা প্রণয়নের জন্য জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)'কে বলা হয়। পাশাপাশি খাবারের বিষয়টি সভায় আলোচনা করা হলে জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ) সভায় অবহিত করেন সম্মানিত অতিথিবর্গসহ মোট ১০০ জনের দুপুরের খাবারের আয়োজন থাকবে। উল্লেখ্য যে, পুরষ্কারপ্রাপ্তব্য শ্রেষ্ঠ আত্মনির্ভরশীল নারী ও তাদের সাথে আগত পরিবারের সদস্য এ তালিকায় অন্তর্ভুক্ত হবে।<br><br>এছাড়া প্রধান অতিথি ও বিশেষ অতিথিবর্গকে উত্তরীয় পরানোর সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতি মহোদয় উত্তরীয়'তে কি লেখা থাকে জানতে চাইলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জানান, উত্তরীয়'র এক পাশে "আন্তর্জাতিক নারী দিবস'২০১৮" এবং অপর পাশে "আন্তর্জাতিক নারী দিবস'২০১৮ এর শ্লোগান" লেখা থাকবে। | জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ)। |

| | | | |
|---|---|---|---|
| | ...গ্যালারি ...র্শনী, ...এলজিইডি সদর দপ্তরের লবিসহ অডিটরিয়াম হল সাজানো, ব্যানার ও ডায়াস সংক্রান্ত। | জেন্ডার কার্যক্রমের ফটোগ্যালারি প্রদর্শনের বিষয়ে সভাপতি মহোদয় জানতে চাইলে সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ জানান জেন্ডার কার্যক্রমের উপর সুন্দর ছবি সম্বলিত ফটোগ্যালারি প্রদর্শনের উদ্দেশ্যে ইতোঃমধ্যে আহ্বায়ক, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ এর স্বাক্ষরিত পত্র সদর দপ্তরে উন্নয়ন সহযোগী সংস্থার অর্থায়নে পরিচালিত বিভিন্ন প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করা হয়েছে। ফটোগ্যালারিতে অংশগ্রহণকৃত প্রকল্পগুলোকে মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়ন করে ১ম, ২য় ও ৩য় স্থান হিসেবে পুরস্কৃত করা হবে। সভাপতি মহোদয় ফটোগ্যালারি মূল্যায়নের জন্য ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করেন-যা নিম্নরূপ:<br>(১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) — আহ্বায়ক<br>(২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা) — সদস্য<br>(৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশিক্ষণ ও মান নিয়ন্ত্রণ) — সদস্য<br>ফটোগ্যালারি মূল্যায়ন কার্যক্রমে উক্ত কমিটিকে সহায়তা করার জন্য জনাব প্রিয়াংকা নাথ, সহকারী প্রকৌশলী, জেন্ডার ও উন্নয়ন ইউনিট (প্রস্তাবিত)'কে বলা হয়। | |
| ৪। | উন্নয়ন সহযোগী সংস্থার অংশগ্রহণ, টিভি ও পত্রিকায় প্রচারের ব্যবস্থা। | উন্নয়ন সহযোগী সংস্থার অংশগ্রহণ প্রসঙ্গে সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮ জানান বিভিন্ন প্রকল্প পরিচালক বরাবর আমন্ত্রণপত্র পৌঁছানো হবে যেন প্রকল্পগুলো নিজ নিজ উন্নয়ন সহযোগী সংস্থাগুলোর সাথে যোগাযোগ করতে পারে। উল্লেখ্য, অনুষ্ঠানে উন্নয়ন সহযোগী সংস্থার প্রতিনিধিগণ দর্শকসারিতে বসে অনুষ্ঠান উপভোগ করবেন।<br>টিভি ও পত্রিকায় প্রচারের জন্য জনাব আবু ফাত্তাহ, মিডিয়া Consultant'কে দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি জানান গত বছর বাংলা ৭টি ও ইংরেজি ৩টি সহ মোট ১০টি টিভি ও পত্রিকায় প্রচারের ব্যবস্থা করা হয়েছিল। এবছরও একইভাবে টিভি ও পত্রিকায় প্রচারের জন্য মিডিয়ার সাথে যোগাযোগ করা হবে। প্রধান অতিথি ও বিশেষ অতিথি'র পাশাপাশি সমসাময়িক ও প্রতিষ্ঠিত নারী নেতৃবৃন্দ উপস্থিত থাকলে অনুষ্ঠানটি আরো বেশী প্রাণবন্ত হবে বলে সভায় সকলে ঐক্যমত পোষণ করেন। | সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'১৮।<br><br>জনাব আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক। |
| ৫। | বিবিধ। | সভায় আন্তর্জাতিক নারী দিবস'২০১৮ উদ্‌যাপনের বাজেট পর্যালোচনা করা হয়। জেন্ডার কার্যক্রমের ওপর ভিডিও প্রস্তুতকরণ ও ক্রশিওর প্রকাশনার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি) হতে আনুমানিক খরচ বাবদ ৫৫,০০০/- (পঞ্চান্ন হাজার টাকা মাত্র) প্রাক্কলন পাওয়া যায়। এছাড়াও জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ) হতে আত্মনির্ভরশীল নারীদের ক্রেস্ট, সার্টিফিকেট, আমন্ত্রণপত্র সহ বিবিধ বিষয়ে মোট ১,৬৩,৫০০/- (এক লক্ষ তেষট্টি হাজার পাঁচশত টাকা মাত্র) প্রাক্কলন পাওয়া যায়। এখানে উল্লেখ্য যে, আত্মনির্ভরশীল নারীদের সম্মাননা বাবদ অর্থসহ বাজেট অনুমোদন করার জন্য সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮'কে অনুরোধ জানানো হয়। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) উল্লেখ করেন সেক্টরভিত্তিক মোট ০৯ (নয়) জন আত্মনির্ভরশীল নারীকে পুরস্কৃত করা হলেও এক জন অতিরিক্ত হিসেবে রাখার পরামর্শ দেন। | সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'১৮। |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭-২-১৮

(মোঃ খলিলুর রহমান)
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (বাস্তবায়ন)
ও
আহবায়ক
আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮।

বিতরণ: ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (মনিটরিং ও মূল্যায়ন), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (নগর ব্যবস্থাপনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-পিএন্ডডি), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পরিকল্পনা), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (আইডব্লিউআরএমইউ-ওএন্ডএম), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৭। প্রকল্প পরিচালক, এমডিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৮। প্রকল্প পরিচালক, ইউজিআইআইপি-III, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
০৯। প্রকল্প পরিচালক, পিএসএসডব্লিউআরএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
জনাব সালমা শহীদ, প্রকল্প পরিচালক, আরইআরএমপি-II, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
সৈয়দা আসমা খাতুন, সদস্য-সচিব, আন্তর্জাতিক নারী দিবস উদ্‌যাপন কমিটি'২০১৮, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৩। জনাব মোঃ সানিউল হক, উপ-প্রকল্প পরিচালক, এইচএফএমএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৪। জনাব সোনিয়া নওরিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এমজিএসপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৫। জনাব মৌসুমী সালমিন, সিনিয়র সহকারী প্রকৌশলী, এসএসডব্লিউআরডিপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৬। জনাব আহসানুজ্জামান, সিনিয়র সহকারী প্রকৌশলী, এইচআইএলআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৭। জনাব নাজমা খানম, সিনিয়র সহকারী প্রকৌশলী, বৃহত্তর খুলনা প্রকল্প, ঢাকা-১২০৭।
১৮। জনাব রাহেনা বানু, সহকারী প্রকৌশলী, আরসিআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
১৯। জনাব নাজরীন জামান, সহকারী প্রকৌশলী, সিসিআরআইপি, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২০। জনাব ফারহানা লিমা, সহকারী প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ইউনিট, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২১। জনাব প্রিয়াংকা নাথ, সহকারী প্রকৌশলী, জেন্ডার ও উন্নয়ন ইউনিট (প্রস্তাবিত), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২২। জনাব শেখ নজরুল ইসলাম, সহকারী প্রকৌশলী (ভবন রক্ষণাবেক্ষণ), এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।
২৩। জনাব আবু ফাত্তাহ, মিডিয়া পরামর্শক, এলজিইডি সদর দপ্তর, ঢাকা-১২০৭।

অনুলিপি সদয় অবগতির জন্য-
প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭।